# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১২৩

তারিখ: ০৫ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**দপ্তরাদেশ**

অদ্য ১৯/০৩/২০২৩ খ্রি: তারিখে বিকাল ৩:৩০ ঘটিকায় '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩' উদযাপন উপলক্ষ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বোর্ডের অতিরিক্ত মহাপরিচালকগণসহ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. ২৫/০৩/২৩ খ্রি: তারিখে বাপাউবো'র কোন ভবনে আলোকসজ্জা করা যাবে না। তবে ২৬/০৩/২০২৩ খ্রি: তারিখে আলোকসজ্জা করতে হবে।

২: ২৫/০৩/২৩ খ্রি: তারিখ রাত ১০:৩০ থেকে ১০:৩১ পর্যন্ত (এক মিনিট) বোর্ডের সকল ভবনে 'Black Out' (সকল লাইট বন্ধ) থাকবে।

৩. ২৬ মার্চ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।

৪. বোর্ডের ঢাকাস্থ দপ্তরসমূহের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ ২৬ মার্চ ২০২৩ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় পানি ভবনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান এবং অত:পর পানি ভবনের মাল্টিপারপাস হল রুমে (লেবেল-১১) মহান স্বাধীনতা দিবস এর আলোচনা সভায় আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন (ঢাকা পওর বিভাগ-২ ঢাকাস্থ অনুষ্ঠানের আয়োজন করবে)।

৫. বাপাউবো'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি পালন করবে।

৬. বাপাউবো'র সকল মসজিদে সুবিধাজনক সময়ে স্থানীয় ব্যবস্থাপনায় দোয়া/মাহফিল আয়োজন করতে হবে।

৭. সংশ্লিষ্ট দপ্তরপ্রধানগণ তাদের অধীন কর্মকর্তা/কর্মচারীদের অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করে প্রতিবেদন দিবেন।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.০৩.২০২৩

(ওবায়দুল ইসলাম)
সচিব
বাপাউবো, ঢাকা
সেল#০১৭১১৪৮২৭০০

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১২৩

১৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবহতি জন্য:**

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

১. প্রধান প্রকৌশলী, ঢাকা কেন্দ্রীয় অঞ্চল,বাপাউবো,ঢাকা (ক্রমিক-৪ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত)।
২. প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল) ,বাপাউবো, ........।
৩. দপ্তর প্রধান (সকল দপ্তর), বাপাউবো..............।
৪. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ।
৫. চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাপাউবো,ঢাকা (ক্রমিক-৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো)।
৬. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা,নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৭. অফিস কপি/মাস্টার কপি।